গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
উন্নয়ন-২ অধিশাখা
www.sid.gov.bd

**বিষয়: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন "জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ১৭/১১/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত ৭ম সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| ১.১ সভাপতি | : | ড. শাহনাজ আরেফিন, *এনডিসি*, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। |
| ১.২ সভার তারিখ | : | ১৭-১১-২০২২ খ্রি. রোজ বৃহস্পতিবার |
| ১.৩ সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |
| ১.৪ স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ, ব্লক-এ, লেভেল-১০, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাক। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা এবং zoom প্লাটফর্মের screen shot/participant list পরিশিষ্ট 'ক' - তে দেখানো হয়েছে।

০২। সভাপতি সভায় উপস্থিত এবং অনলাইনে সংযুক্ত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর তিনি এজেন্ডা অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য সভার সদস্য সচিব ও উপসচিব, উন্নয়ন-২ অধিশাখাকে আহ্বান জানান।

০৩। উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা সভায় জানান যে, "জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির এটি ৭ম সভা। জুলাই ২০১৯ থেকে ডিসেম্বর ২০২২ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত প্রকল্পটি ২৫-১১-২০১৯ তারিখে অনুমোদন লাভ করে এবং ০১-১২-২০১৯ তারিখে প্রশাসনিক আদেশ জারী করা হয়। সম্পূর্ণ জিওবি অর্থায়নের এই প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৪ কোটি ৬৪ লক্ষ ৪৩ হাজার টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৬১.৫২% এবং বাস্তব অগ্রগতি ৯০%। ২০২২-২০২৩ অর্থবছরে ADP বরাদ্দ ৪৮ লক্ষ টাকা, অক্টোবর ২০২২ পর্যন্ত ব্যয় ১০ লক্ষ ২ হাজার (২০.৮৮%)।

৪। উপসচিব, উন্নয়ন-২ সভায় আরো জানান যে, "জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯" শীর্ষক প্রকল্পটি ডিসেম্বর ২০২২ এ সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে। এ প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৬ষ্ঠ সভা ২৩-০৫-২০২২ তারিখ অনুষ্ঠিত হয়। এটি প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৭ম এবং সর্বশেষ সভা। অতপর তিনি প্রকল্পের উদ্দেশ্য, উদ্দেশ্য অর্জনের অগ্রগতি এবং প্রকল্পের সার্বিক অবস্থা সভাকে অবহিত করার জন্য প্রকল্প পরিচালক জনাব ইফতেখাইরুল করিম, উপপরিচালক, বিবিএসকে অনুরোধ জানান।

৫। প্রকল্প পরিচালক প্রকল্পের সার্বিক বিষয়ে নিম্নরূপ পাওয়ার পয়েন্ট উপস্থাপনা পেশ করেন;

৫.১ বিগত সভার সিদ্ধান্ত তার বাস্তবায়ন অগ্রগতি: ২৩-০৫-২০২২ তারিখে অনুষ্ঠিত এ প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৬ষ্ঠ সভায় ৩টি সিদ্ধান্ত গৃহীত হয়, গৃহীত ৩টি সিদ্ধান্তই বাস্তবায়ন করা হয়েছে।

৫.২ প্রকল্পের উদ্দেশ্য ও তার বাস্তবায়ন অগ্রগতি: এ প্রকল্পের প্রধান উদ্দেশ্য প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নের জন্য প্রয়োজনীয় পরিসংখ্যান প্রস্তুত করা, যার মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নের মূল ধারায় নিয়ে আসা এবং তাদের জীবনের সকল ক্ষেত্রে সমান অধিকার প্রতিষ্ঠা করা। এছাড়াও প্রকল্পের নিম্নরূপ সুনির্দিষ্ট (Specific) উদ্দেশ্য রয়েছে:

- বাংলাদেশে প্রতিবন্ধিতার বিভিন্ন ধরনের প্রবণতা নির্ধারণ সংক্রান্ত তথ্য সংগ্রহ;
- শারীরিক ও সামাজিক প্রেক্ষাপটে প্রতিবন্ধিতার বর্তমান অবস্থার তথ্য সংগ্রহ;
- প্রতিবন্ধী ব্যক্তিদের পারিবারিক ও সামাজিক গ্রহণযোগ্যতা নিরূপণ করা;
- প্রতিবন্ধী ব্যক্তিদের শ্রমশক্তি, শিক্ষা ও সামাজিক কর্মকান্ডে অংশগ্রহণ সম্পর্কিত তথ্য সংগ্রহ;
- প্রতিবন্ধী ব্যক্তিদের সেবাপ্রাপ্তি সংক্রান্ত তথ্য সংগ্রহ;
- প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য স্বাস্থ্যখাতের সম্পৃক্ততা নিরূপণ করা;
- জীবনমান উন্নয়ন ও সামাজিক কর্মকান্ডে অংশগ্রহণের ক্ষেত্রে প্রতিবন্ধিতার প্রভাব; এবং
- প্রতিবন্ধী ব্যক্তিদের সুস্বাস্থ্য ও অন্যান্য সেবা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় নীতি নির্ধারণের জন্য গবেষক, পরিকল্পনাবিদ ও নীতি নির্ধারকদের তথ্য সরবরাহ করা।

উদ্দেশ্যসমূহ অর্জনের নিমিত্ত মাঠ পর্যায়ে সংগৃহীত তথ্য উপাত্তের ভিত্তিতে প্রাথমিক রিপোর্ট প্রকাশ করা হয়। এছাড়া খসড়া চড়ান্ত রিপোর্টও প্রস্তুত করা হয়েছে, দ্রুতই আনুষ্ঠানিকভাবে তা প্রকাশ করা হবে।

৫.৩ প্রকল্পের বছরভিত্তিক আর্থিক অগ্রগতি:

| অর্থবছর | বরাদ্দ (লক্ষ টাকা) | ব্যয় (লক্ষ টাকা) | অগ্রগতি | |
|---|---|---|---|---|
| | | | আর্থিক | বাস্তব |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| **২০১৯-২০২০** | ১৩৩.০০ | ২৭.৭১ | ২০.৮৩% | ২০.৮৩% |
| **২০২০-২০২১** | ৩৬৫.০০ | ১০২.৬৩ | ২৮.১২% | ৬০.০০% |
| **২০২১-২০২২** | ২৮৫.০০ | ১৪৫.৩৬ | ৫১.০০% | ৮০.০০% |
| **২০২২-২০২৩** | ৪৮.০০ | ১০.০২ | ২০.৮৮% | ৮০.০০% |
| **ক্রমপুঞ্জিত ২০১৯-২০২৩** | ৪৬৪.৪৩ | ২৮৫.৭২ | ৬১.৫২% | ৯০.০০% |

৬.০। **আলোচনা:** সভাপতি প্রকল্প সম্পর্কিত তথ্যবহুল পাওয়ার পয়েন্ট উপস্থাপনার জন্য প্রকল্প পরিচালককে ধন্যবাদ জানান এবং আলোচ্যসূচি অনুযায়ী সকলকে আলোচনায় অংশগ্রহণের জন্য আহবান জানান।

৬.১. জনাব মোহাম্মদ আলী, সহকারী পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আলোচনায় অংশ নিয়ে বলেন যে, এই জরিপ রিপোর্ট থেকে প্রাপ্ত ডেটা/তথ্যের আলোকে ভবিষ্যতে প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নে আরো সুনির্দিষ্ট ও এলাকা ভিত্তিক পলিসি গ্রহণ ও বাস্তবায়ন করা যাবে।

৬.২. প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠন B-SCAN এর সাধারণ সম্পাদক মিজ সালমা মাহবুব বলেন, এরকম একটি জরিপের খুব প্রয়োজন ছিল, এজন্য তিনি বিবিএস এবং SID কে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান। ভবিষ্যতে এ জাতীয় জরিপে প্রতিবন্ধিতার ধরনের সাথে তাদের কর্মসংস্থান, শিক্ষা, সামাজিক কর্মকান্ডে অংশগ্রহণ, স্বাস্থ্য সেবা ইত্যাদি Cross Cutting Issue গুলোর তথ্য/ডেটা যাতে পাওয়া যায় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ জানান।

৬.৩. জনাব মোহাম্মদ শাহীন, যুগ্মসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় একটি ভাল জরিপ পরিচালনা এবং সময়মত শেষ করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। তিনি বলেন, এ জরিপ থেকে প্রাপ্ত তথ্য-উপাত্ত সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচী বাস্তবায়নে সহায়ক হবে।

৬.৪. জনাব দিপংকর রায়, যুগ্মসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ বলেন, এটি প্রতিবন্ধিতা বিষয়ে BBS এর প্রথম একটি পূর্ণাঙ্গ জরিপ। জরিপের মাধ্যমে প্রাপ্ত ফলাফল Base Line তথ্য-উপাত্ত হিসাবে ব্যবহার করে পলিসি প্রণয়ন ও বাস্তবায়ন করা সহজ হবে। সেক্ষেত্রে সরকার কর্তৃক গৃহীত কার্যক্রমের প্রভাব পরিমাপের জন্য শীঘ্রই অনুরূপ একটি Follow-up জরিপ প্রয়োজন হবে।

৬.৫ সভাপতি নির্ধারিত সময়ে প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রম সম্পাদনপূর্বক প্রতিবেদন তৈরির জন্য প্রকল্প টিমকে ধন্যবাদ জানান। প্রকল্প মেয়াদে অবশিষ্ট সকল কাজ সম্পন্ন করতঃ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% নিশ্চিত করতে নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন, এটি একটি গুরুত্বপূর্ণ জরিপ। বিবিএস এর নিয়মিত কার্যক্রমের আওতায় এ সংক্রান্ত পরবর্তী জরিপ সম্পন্ন করার লক্ষ্যে প্রস্তুতি গ্রহণ করতে হবে। এই সংক্রান্ত UN সংস্থার আর্থিক ও কারিগরী সহায়তার সংশ্লিষ্ট সকল অংশীজন বিশেষভাবে প্রতিবন্ধিতা বিষয়ে মাঠ পর্যায়ে জড়িত সংগঠনসমূহকে ব্যাপকভাবে সম্পৃক্ত করে পরবর্তী জরিপ করতে হবে।

৭। **সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৭.১ প্রস্তুতকৃত খসড়া প্রতিবেদন পুনরায় যাচাই-বাছাইপূর্বক যথাযথ প্রশাসনিক প্রক্রিয়া অনুসরণপূর্বক আনুষ্ঠানিকভাবে প্রকাশ করতে হবে এবং প্রকাশনা অনুষ্ঠানে অংশীজনদের আমন্ত্রণ জানাতে হবে।

৭.২ নির্ধারিত সময়ের মধ্যে Project Completion Report (PCR) দাখিল করতে হবে।

৭.৩ প্রকল্পের নিরীক্ষা কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।

৭.৪ প্রকল্পের আওতায় সংগৃহীত Computer সহ অন্যান্য মালামাল DPP ও সংশ্লিষ্ট বিধি বিধানের আলোকে যথাযথ কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করতে হবে।

৮। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭.১১.২২

ড. শাহনাজ আরেফিন, *এনডিসি*
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

নং-৫২.০০.০০০০.০০৯.০৬.০১৩.২২.১৯৩

তারিখ: ৬ অগ্রহায়ণ ১৪২৯ / ২১ নভেম্বর ২০২২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা ।
৪। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৫। সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৬। প্রধান, এনইসি-একনেক এবং সমন্বয় উইং, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৭। অতিরিক্ত সচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৮। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
৯। যুগ্মসচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
১০। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
১১। মহাসচিব, জাতীয় প্রতিবন্ধী ফোরাম, বাড়ী নং-১০৮, রোড নং-৭/এ ধানমন্ডি, ঢাকা।
১২। উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১৩। পরিচালক, ডেমোগ্রাফি এন্ড হেল্থ উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
১৪। প্রকল্প পরিচালক, জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯ প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো , ঢাকা

অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৩। অফিস কপি।

Akter 27/11/2022

(জেসমীন আকতার)
উপসচিব
☎৫৫০০৭০৭৭